20th International Mathematics conf 2017

শনিবার । ৯ ডিসেম্বর ২০১৭ । ২৫ অগ্রহায়ণ ১৪২৪ কালের কণ্ঠ ৩

# তিন দিনের আন্তর্জাতিক গণিত সম্মেলন শুরু

নিজস্ব প্রতিবেদক ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল শুরু হয়েছে আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭। তিন দিনব্যাপী এই সম্মেলনে বিভিন্ন দেশের ২০ জনসহ মোট তিন শতাধিক গণিতবিদ অংশ নিচ্ছেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই সম্মেলন উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধ' শিরোনামে আয়োজিত এই সম্মেলন চলবে ১০ ডিসেম্বর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এ সম্মেলন চলবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের তত্ত্বাবধানে আয়োজিত এই সম্মেলনে জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, ফিলিপাইন, জাপান, শ্রীলঙ্কা ও ভারতসহ বিভিন্ন দেশ থেকে প্রায় ২০ জন গণিতবিদ অংশ নিচ্ছেন। এদের সঙ্গে দেশের প্রায় ৩০০ গণিতবিদ অংশগ্রহণ করবেন বলে আশা করছেন আয়োজকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক এবং বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক ড. মো. শহীদুল ইসলাম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানুর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. ইউসুফ আলী মোল্লা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার।

উদ্বোধনী অনুষ্ঠানে ২০ জন আমন্ত্রিত অতিথিসহ প্রায় ৩৫০ জন গণিতবিদ উপস্থিত ছিলেন। এই সম্মেলনে ১৩০টি প্রবন্ধ উপস্থাপনের জন্য গ্রহণ করা হয়। নির্বাচিত প্রবন্ধগুলো বাংলাদেশ গণিত সমিতির জার্নালে প্রকাশ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২০তম এই সম্মেলন আয়োজনে আর্থিকভাবে সহায়তা করছে জাপানের কেসিও কম্পানি ও মুসলিম দেশগুলোর সংগঠন ওআইসির অঙ্গপ্রতিষ্ঠান কমসটেক।




ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে গতকাল তিন দিনের আন্তর্জাতিক গণিত সম্মেলনের উদ্বোধন করা হয়। ছবি : কালের কণ্ঠ

daily Sun 09.12.17

## Int'l Math Confce Begins

# Science edn on wane due to math phobia

**DU CORRESPONDENT**

UGC Chairman Prof Abdul Mannan on Friday said the number of students studying science is decreasing gradually duo to anxiety in Mathematics.

He said this after inaugurating the 20th International Mathematics Conference-2017 at Nabab Nawab Ali Chowdhury auditorium on Dhaka University campus.

Dhaka University Mathematical Society in co-operation with Bangladesh Mathematical Society (BMS) arranged the three-day event with the theme 'Building a Bridges with South Asian well-known Mathematicians'.

The UGC chairman said the requirement of science is immense as the world is being more and more complex and modernized day by day.

He expected that the conference will invigorate an effective and meaningful mathematical research and motivate the young mathematicians and students of Bangladesh to learn the latest developments of mathematics.

A total of 300 mathematicians, including 20 from France, Germany, USA, Philippine, Japan, Srilanka and India, are taking part at the conference.

UGC member Prof Yusuf Ali Mullah, DU Science Faculty's dean Prof Md Abdul Aziz, head of Mathematics dept. Prof Amal Krishna Halder and Bangladesh Mathematical Society (BMS) general secretary Prof Md. Shahidul Islam attended the conference as a special guests with BMS president Prof Sajeda Banu in the chair.

The next two sessions of the conference will be held at AF Mujibur Rahman Ganit (Mathematics) Bhabon of DU from 9:00am to 5:00pm on December 9 and 10 respectively.

নিয়ে আলো

# ঢাবিতে শুরু হচ্ছে ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার:** 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সঙ্গে সেতুবন্ধন' শিরোনামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হতে যাচ্ছে তিন দিনব্যাপী ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন-২০১৭। আজ শুক্রবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধন করবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। এ সম্মেলনের মিডিয়া পার্টনার দৈনিক *মানবজমিন*। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় অনুষ্ঠেয় তিন দিনব্যাপী এ সম্মেলনে জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, ফিলিপাইন, জাপান, শ্রীলঙ্কা, ভারতসহ বিভিন্ন দেশের প্রায় ২০ জনসহ ৩ শতাধিক গণিতবিদ অংশগ্রহণ করবেন বলে আয়োজকরা জানিয়েছেন।

মানবজমিন ০৮/১২/১৭

and low-income communities.

Daily Sun 08.12.17

# Int'l math confce begins at DU today

**DU CORRESPONDENT**

**A three-day** International Mathematics Conference-2017 will begin at Nabab Nawab Ali Chowdhury auditorium on Dhaka University (DU) on Friday.

A total of 300 mathematicians will take part including 20 from France, Germany, USA, Philippine, Japan, Srilanka and India.

Prof Abdul Mannan, chairman of the University Grants Commission (UGC), will inaugurate the conference while DU VC Prof Md. Akhtaruzzaman, DU Science Faculty's Dean Prof Md Abdul Aziz, head of Mathematics Dept Prof Amal Krishna Halder and General Secretary of Bangladesh Mathematical Society (BMS) Prof Dr Md. Shahidul Islam will present the special guests with BMS president Prof Sajeda Banu in the chair.

The Mathematical Society in association with Bangladesh Mathematical Society (BMS) has organised the event with the theme 'Building a bridges with South Asian well-known mathematicians'.

The daily sun, News24, The Daily Manabjamin and online news portal Campuslife24 will act as the media partners of the event sponsored by CASIO and COMSTECH.




# বিজ্ঞানের উন্নতি সাধনে গণিত শিক্ষার গুরুত্ব অপরিসীম

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার:** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান বলেছেন, বর্তমানে বিজ্ঞানের প্রতি ছাত্রছাত্রীদের *পৃষ্ঠা ৫ কলাম ৪*

# বিজ্ঞানের উন্নতি সাধনে গণিত শিক্ষার গুরুত্ব অপরিসীম

*শেষ পৃষ্ঠার পর* অনীহা দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়সমূহে বিজ্ঞান অনুষদের আসন অনেক সময় ফাঁকা থাকে। এর একমাত্র কারণ হচ্ছে শিক্ষার্থীরা গণিতকে ভয় পায়। তাই গণিত শিক্ষার ওপর জোর দিতে হবে। কারণ বিজ্ঞানের উন্নতি সাধনে গণিত শিক্ষার গুরুত্ব অপরিসীম।

শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতু বন্ধন' শীর্ষক তিন দিনব্যাপী এ সম্মেলনে ২০ জন বিদেশিসহ প্রায় তিন শতাধিক গণিতবিদ অংশ নিয়েছেন। তিন দিনব্যাপী এ সম্মেলনে মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে দৈনিক মানবজমিন। বাংলাদেশ গণিত সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানুর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ইউসুফ আলী মোল্লা, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আব্দুল আজিজ, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক প্রফেসর ড. মো. শহীদুল ইসলাম। আগামী রোববার পর্যন্ত চলবে এ সম্মেলন। সম্মেলনের বাকি সেশনসমূহ অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে। সম্মেলনের বিভিন্ন সেশনে জার্মানি, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপন, শ্রীলংকা, ভারতসহ দেশীয় অংশগ্রহণকারী গণিতবিদরা তাদের ১৩০টি প্রবন্ধ উপস্থাপন করবেন। এসব প্রবন্ধ থেকে নির্বাচিত প্রবন্ধগুলো বাংলাদেশ গণিত সমিতির জার্নালে প্রকাশ করা হবে। এ ছাড়াও সম্মেলনে শ্রেষ্ঠ পোস্টার ও প্রবন্ধ উপস্থাপনের জন্য দেশীয় তরুণ গণিতবিদদের জন্য থাকছে পুরস্কারের ব্যবস্থা।

ইউজিসি চেয়ারম্যান আশা করেন, একটি কার্যকর ও অর্থবহ গাণিতিক গণিত শিখতে অনুপ্রাণিত করবে। তিনি বলেন, আমি আশা করি এ সম্মেলন বাংলাদেশি গণিতবিদদের জন্য এই আন্তর্জাতিক পরিবেশ পরস্পরের মধ্যে যোগাযোগের প্রচুর সুযোগ তৈরি করবে এবং এর মাধ্যমে বর্তমান বিশ্বের বৈজ্ঞানিক সমস্যা সমাধানের জন্য গাণিতিক গবেষণার অন্বেষণ করবে। তিনি আরো বলেন, আর্থ-সামাজিক এবং প্রযুক্তিগত উন্নয়নে শ্রেষ্ঠত্বের কেন্দ্র হিসেবে বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার প্রসার এবং মৌলিক গবেষণায় তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্য বক্তারা বলেন, এ সম্মেলন গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান প্রদান ও অভিজ্ঞতা বিনিময় করবে এবং বাংলাদেশের গণিতবিদদের জ্ঞান, অভিজ্ঞতা, উৎকর্ষতা, কার্যকরিতা বৃদ্ধি পাবে। উক্ত সম্মেলনের ফলে দক্ষিণ এশিয়ার গণিতের গবেষণা, জ্ঞান, তরুণ গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা উপকৃত হবে এবং গণিত শিক্ষার

কালের কণ্ঠ ১০/১২/১৭

আন্তর্জাতিক গণিত সম্মেলন

## দ্বিতীয় দিনে ৪৫টি প্রবন্ধ উপস্থাপন প্রশ্নোত্তর পর্ব

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

প্রবন্ধ উপস্থাপন, প্রশ্নোত্তর পর্ব ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হয়েছে ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলনের দ্বিতীয় দিন। গতকাল শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে এই কার্যক্রম অনুষ্ঠিত হয়।

দুটি প্যারালাল সেশনে দেশি-বিদেশি গণিতবিদরা মোট ৪৫টি প্রবন্ধ উপস্থাপন করেন। পরে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

বিকেলে ৩৮টি পোস্টার উপস্থাপন করে শিক্ষার্থীরা। সেখানে বিদেশি গণিতবিদদের বিচারে সেরা তিন উপস্থাপককে পুরস্কৃত করা হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া ও সাইফুল ইসলাম।

তিন দিনব্যাপী এই সম্মেলনের আজ শেষ দিন। সমাপনী দিনে বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত প্রবন্ধ উপস্থাপন করা হবে। পরে বিকেল সাড়ে ৩টায় পুরস্কার ও সনদপত্র বিতরণের মাধ্যমে সম্মেলন শেষ হবে। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম এই সম্মেলন আয়োজনে আর্থিকভাবে সহায়তা করছে জাপানের কেসিও কম্পানি ও মুসলিম দেশগুলোর সংগঠন ওআইসির অঙ্গপ্রতিষ্ঠান কমসটেক।

বাংলাদেশ গণিত সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শহীদুল ইসলাম কালের কণ্ঠকে বলেন, 'এই সম্মেলনে গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান-প্রদান ও অভিজ্ঞতা বিনিময় করবে। পাশাপাশি তাদের জ্ঞান, অভিজ্ঞতা, উৎকর্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি পাবে।

সম্মেলনের ফলে দক্ষিণ এশিয়ার গণিতের গবেষণা, জ্ঞান, তরুণ গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা যেমন উপকৃত হবে তেমনি গণিত শিক্ষার মান উন্নয়নেও সহায়তা করতে পারবে।

'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধ' শিরোনামে আয়োজিত এই সম্মেলনে জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, ফিলিপাইন, জাপান, শ্রীলঙ্কা ও ভারতসহ বিভিন্ন দেশ থেকে প্রায় ২০ জন গণিতবিদ অংশ নিচ্ছেন। তাঁদের সঙ্গে দেশের প্রায় ৩০০ গণিতবিদ অংশ নিচ্ছেন। সম্মেলনে মোট ১৩০টি প্রবন্ধ উপস্থাপন করা হবে। পরে তা বাংলাদেশ গণিত সমিতির জার্নালে প্রকাশ করা হবে বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়।

মানবজমিন ১০.১২.১৭

## আন্তর্জাতিক গণিত সম্মেলনে বিপুল উপস্থিতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: 'বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধন' শীর্ষক স্লোগানে ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন-২০১৭ এর ২য় দিন শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় তিন দিনব্যাপী এ সম্মেলন চলছে। এ সম্মেলনের মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে দৈনিক মানবজমিন। এর আগে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধন পর্ব অনুষ্ঠিত হয়। গতকাল সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলে দ্বিতীয় দিনের সেশনসমূহ। ২টি প্যারালাল সেশনে দেশি এবং বিদেশি গণিতবিদগণ *পৃষ্ঠা ১৭ কলাম ৪*

বক্তব্য দেন।

### আন্তর্জাতিক গণিত

*তৃতীয় পৃষ্ঠার পর* মোট ৪৫টি প্রবন্ধ উপস্থাপন করেন। প্রতি সেশনে বিপুল সংখ্যক গণিতবিদ ও শ্রোতা উপস্থিত ছিলেন। সকলে আগ্রহ সহকারে প্রশ্ন-উত্তরসহ বক্তব্য উপভোগ করেন। বিকালে শিক্ষার্থীদের ৩৮টি পোস্টার উপস্থাপিত হয়। বিদেশি গণিতবিদ বিচারক দ্বারা সর্বোত্তম ৩টি করে পোস্টারের উপস্থাপককে পুরস্কৃত করা হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের তিন শিক্ষার্থী তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া এবং সাইফুল ইসলাম। আজ রোববার সম্মেলনের ৩য় দিন এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে পুরস্কার ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হবে।

মানবজমিন ১১/১২/১৭

## শেষ হলো তিন দিনব্যাপী আন্তর্জাতিক গণিত সম্মেলন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন-২০১৭ শেষ হয়েছে। গতকাল তিন দিনব্যাপী এ সম্মেলনের সমাপনী অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়। গত শুক্রবার থেকে শুরু হওয়া এ সম্মেলনের মিডিয়া পার্টনার হিসেবে ছিল দৈনিক মানবজমিন। 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধন' স্লোগানে সম্মেলনের সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু। সভায় আরো উপস্থিত ছিলেন প্রবীণ গণিতবিদ অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার ও সমিতির সম্পাদক অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম। সম্মেলনের তৃতীয় দিনে ৪৬টি প্রবন্ধ উপস্থাপিত হয়। ২টি প্যারালাল সেশনে প্রতিটিতে দেশি বিদেশি বিপুলসংখ্যক গণিতবিদ উপস্থিত ছিলেন। সবাই আগ্রহ সহকারে প্রশ্ন-উত্তরসহ বক্তব্য উপভোগ করেন। আয়োজকরা বলেন, এ সম্মেলনের ফলে গণিতবিদরা পরস্পরের সঙ্গে জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমে উপকৃত হবেন। এ সম্মেলনে সবচেয়ে বেশি উপকৃত হবেন বাংলাদেশের তরুণ গবেষকরা। তারা পৃথিবীর বিখ্যাত গণিতবিদের সংস্পর্শে এসে নিজেদের গবেষণার মান উন্নতিকরণের সুযোগ লাভ করবেন।

সমকাল ০৯/১২/১৭

গণিত সম্মেলনে ইউজিসি চেয়ারম্যান

## বিশ্ববিদ্যালয়গুলোতে বিজ্ঞানের আসন ফাঁকা থাকে

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, বর্তমানে বিজ্ঞানের প্রতি ছাত্রছাত্রীদের অনীহা দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের আসন অনেক সময় ফাঁকা থাকে। এর একমাত্র কারণ শিক্ষার্থীরা গণিতকে ভয় পায়। তাই গণিত শিক্ষার ওপর জোর দিতে হবে। গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। বাংলাদেশ গণিত সমিতির আয়োজনে 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধন' শীর্ষক তিন দিনের এ সম্মেলনে ২০ বিদেশিসহ তিন শতাধিক গণিতবিদ অংশ নিচ্ছেন। গণিত সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানুর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মো. ইউসুফ আলী মোল্লা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. আবদুল আজিজ, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক অমল কৃষ্ণ হালদার, গণিত সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মো. শহীদুল ইসলাম প্রমুখ।

আগামীকাল রোববার পর্যন্ত চলবে এ সম্মেলন। সম্মেলনের বাকি সেশন বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হবে। সম্মেলনের বিভিন্ন সেশনে জার্মানি, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপান, শ্রীলংকা, ভারতসহ বাংলাদেশের গণিতবিদরা ১৩০টি প্রবন্ধ উপস্থাপন করবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান-প্রদান ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য এ ধরনের সম্মেলন কার্যকর। দক্ষিণ এশিয়ার তরুণ গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা উপকৃত হবেন এবং গণিত শিক্ষার মান উন্নয়নে সহায়তা করতে পারবেন।

---

কালের কণ্ঠ ১১/১২/১৭

আন্তর্জাতিক গণিত সম্মেলন সমাপ্ত

## 'বাংলাদেশ সম্পর্কে আমার ধারণা বদলে গেছে'

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

শেষ হয়েছে তিন দিনব্যাপী ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন। এই সম্মেলন দক্ষিণ এশিয়ায় গণিত শিক্ষার মানোন্নয়ন ও তরুণ গবেষকদের গবেষণার দক্ষতা বাড়াতে সাহায়তা করবে বলে আশা প্রকাশ করেছেন বক্তারা। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে সম্মেলনে অংশ নেওয়া উত্তম ঘোষ বলেন, 'এই সম্মেলনে অংশ নিতে এসে বাংলাদেশের মানুষের আতিথেয়তায় মুগ্ধ হয়েছি। বাংলাদেশ সম্পর্কে আমার ধারণা বদলে গেছে।'

গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী মিলনায়তনে শুরু হয় এই সম্মেলন। পরে বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয় পরবর্তী দুই দিনের কার্যক্রম। গতকাল রবিবার বিকেলে সম্মেলনের সমাপনী অধিবেশন হয়। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু। সভায় আরো উপস্থিত ছিলেন প্রবীণ গণিতবিদ প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও সমিতির সম্পাদক প্রফেসর ড. মো. শহীদুল ইসলাম। সভায় আগত অতিথিবৃন্দকে ধন্যবাদ ও আমন্ত্রিত বিদেশি অতিথিদের বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়।

সম্মেলনের তৃতীয় দিন দুইটি প্যারালাল সেশনে মোট ৪৬টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। দেশি-বিদেশি গণিতবিদরা তাঁদের গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করেন। সম্মেলনে তিন দিনে উপস্থাপিত সব প্রবন্ধের মধ্যে বিদেশি বিচারক গণিতবিদ ফ্রান্সের ইমেরিটাস অধ্যাপক ড. মাইকেল ওয়ালশমিট, জার্মানির বিশিষ্ট গণিতবিদ ড. আব্দেররাহিম ওয়াজ্জি ও ভারতের অধ্যাপক এম পি চৌধুরীর বিচারে তিনজনকে সেরা ঘোষণা করা হয়। পরে তাঁদের ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। সনদপ্রাপ্তরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া ও সাইফুল ইসলাম।

'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধ' শিরোনামে আয়োজিত এই সম্মেলনে জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, ফিলিপাইন, জাপান, শ্রীলঙ্কা, ভারতসহ বিভিন্ন দেশ থেকে প্রায় ২০ জন গণিতবিদ অংশ নেন। এঁদের সঙ্গে বাংলাদেশের প্রায় ৩০০ গণিতবিদ অংশ নেন। সম্মেলনে মোট ১৩০টি প্রবন্ধ উপস্থাপন করা হয়, যা পরে বাংলাদেশ গণিত সমিতির জার্নালে প্রকাশ করা হবে বলে আয়োজকরা জানান। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম এই সম্মেলন আয়োজনে আর্থিকভাবে সহায়তা করছে জাপানের কেসিও কম্পানি ও মুসলিম দেশগুলোর সংগঠন ওআইসির অঙ্গপ্রতিষ্ঠান কমসটেক। সমাপনী অধিবেশনে সাজেদা বানু বলেন, এই সম্মেলনের মাধ্যমে দেশি-বিদেশি গণিতবিদদের মধ্যে বুদ্ধিবৃত্তিক ভাব বিনিময় হয়েছে, যা তরুণ গবেষকদের কাজে দেবে।

---

যুগান্তর ০৯/১২/১৭

## ঢাবিতে আন্তর্জাতিক গণিত সম্মেলন শুরু

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন শুরু হয়েছে। শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথি হিসেবে সম্মেলনের উদ্বোধন করেন। এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য— দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতুবন্ধন। আজ ও আগামীকাল সম্মেলনের কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের এএফ মুজিবুর রহমান গণিত ভবনে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় সম্মেলনের সার্বিক তত্ত্বাবধানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ। সম্মেলনে জার্মানি, ফ্রান্স, ফিলিপাইন, জাপান, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের শতাধিক গণিতবিদ অংশ নিচ্ছেন।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, মৌলিক বিজ্ঞানের অধ্যয়ন দিন দিন কমে যাচ্ছে। এটা কোনো ভালো লক্ষণ নয়। বিজ্ঞানের মাধ্যমে আমাদের অর্থনৈতিক অগ্রগতি বৃদ্ধি পাবে। বিভিন্ন দেশ থেকে আসা গণিতবিদদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, বিদেশি অতিথিদের আগমন আমাদের দেশের শিক্ষার্থীদের অনুপ্রাণিত করবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক অমল কৃষ্ণ হালদার। এছাড়া বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. ইউসুফ আলী মোল্লা, ঢাবির বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল আজিজ, বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক প্রফেসর ড. শহীদুল ইসলাম। সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানু।

ড. শহীদুল ইসলাম জানান, সম্মেলনে ১৩০টি প্রবন্ধ উপস্থাপনের জন্য গ্রহণ করা হয়। সম্মেলনে আর্থিক সহযোগিতা করছে CASIO Japan এবং COMSTECH.

---

যুগান্তর ১১/১২/১৭

## ঢাবিতে আন্তর্জাতিক গণিত সম্মেলন অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হল ২০তম আন্তর্জাতিক সম্মেলন। রোববার সকাল ৯টা থেকে বেলা ৩টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এএফ মুজিবুর রহমান গণিত ভবনে ৩ দিনব্যাপী সম্মেলনের সমাপনী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ সম্মেলনের আয়োজন করে। তৃতীয় দিন ৪৬টি প্রবন্ধ উপস্থাপিত হয়।

এবারের সম্মেলনে ৩টি করে পোস্টার উপস্থাপককে পুরস্কৃত করা হয়েছে। বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ করেন বিচারকমণ্ডলী। এবার বিচারক প্যানেলে ফ্রান্সের একজন ইমেরিটাস অধ্যাপক, জার্মানির একজন বিশিষ্ট গণিতবিদ ও ভারতের একজন অধ্যাপক ছিলেন। পুরস্কারপ্রাপ্ত তিনজন হলেন— তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া ও সাইফুল ইসলাম। এ তিনজনই ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থী।

রোববার বেলা সাড়ে ৩টায় পুরস্কার ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়। সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু। সভায় আরও উপস্থিত ছিলেন প্রবীণ গণিতবিদ প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও সমিতির সম্পাদক প্রফেসর ড. মো. শহীদুল ইসলাম। সভায় আমন্ত্রিত বিদেশি অতিথিদের বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়। ৮ ডিসেম্বর সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান উদ্বোধন করেন। এতে জার্মানি, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপান, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের প্রায় ২০ গণিতবিদসহ ৩ শতাধিক গণিতবিদ অংশগ্রহণ করেন। সম্মেলনে ১৩০টি প্রবন্ধ উপস্থাপন করা হয়।